



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।  
এসএমই বিভাগ

ফোন : ৯৫৬০৭৩৭  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২  
(এক্সটেনশন-২৪৩)  
E-mail : dgmsme@krishibank.org.bd

নং-বিকবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৭-১৮/ ১৬১ (২২৫০)

তারিখ : ২৭.১২.২০১৭

মহাব্যবস্থাপক  
সকল বিভাগীয় কার্যালয়  
ও  
স্থানীয় মুখ্য কার্যালয়  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০১৭-১৮ অর্থ বছরের ৩০.১১.২০১৭ পর্যন্ত বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায় এর  
বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ২০১৭-১৮ অর্থ বছরের প্রারম্ভেই অত্র ব্যাংকের বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক করণীয় সম্পর্কিত  
দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। ইতোমধ্যে বর্তমান অর্থবছরের ৫ মাস অতিক্রান্ত হলেও ব্যাংকের বার্ষিক এসএমই ঋণ  
বিতরণ, আদায় এবং শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩০.১১.২০১৭ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ  
বিতরণ ও আদায় পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ<br>নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা   |                          | আনুপাতিক<br>অর্জন | আনুপাতিক<br>লক্ষ্যমাত্রার<br>বিপরীতে<br>অর্জনের হার<br>(%) | বিগত<br>বছরে<br>একই<br>সময়ে<br>অর্জন | ঋণ আদায় লক্ষ্যমাত্রা   |                          | আদায়  | আনুপাতিক<br>লক্ষ্যমাত্রার<br>বিপরীতে<br>অর্জনের হার<br>(%) | বিগত<br>বছরে<br>একই<br>সময়ে<br>অর্জন |
|------------|-------------|-------------------------|--------------------------|-------------------|------------------------------------------------------------|---------------------------------------|-------------------------|--------------------------|--------|------------------------------------------------------------|---------------------------------------|
|            |             | বার্ষিক<br>লক্ষ্যমাত্রা | আনুপাতিক<br>লক্ষ্যমাত্রা |                   |                                                            |                                       | বার্ষিক<br>লক্ষ্যমাত্রা | আনুপাতিক<br>লক্ষ্যমাত্রা |        |                                                            |                                       |
| ১          | ঢাকা        | ২৮০.০০                  | ১১৬.৬৬                   | ৫৭.৬৫             | ৪৯%                                                        | ৩৫.২৮                                 | ৭৭.৩০                   | ৩২.২১                    | ৩৭.০৫  | ১১৫%                                                       | ২৫.৪১                                 |
| ২          | ময়মনসিংহ   | ১৬৫.০০                  | ৬৮.৭৫                    | ২৮.৯৬             | ৪২%                                                        | ২৪.৩৭                                 | ৪৫.৩০                   | ১৮.৮৭                    | ২০.২৮  | ১০৭%                                                       | ১৮.৬১                                 |
| ৩          | চট্টগ্রাম   | ১৭০.০০                  | ৭০.৮৩                    | ২৯.১৪             | ৪১%                                                        | ১১.৯২                                 | ৩০.১৫                   | ১২.৫৬                    | ১১.২৩  | ৮৯%                                                        | ১১.৩১                                 |
| ৪          | খুলনা       | ১৪০.০০                  | ৫৮.৩৩                    | ২৮.৬৭             | ৪৯%                                                        | ১৪.৮৬                                 | ৩৩.৯০                   | ১৪.১২                    | ১৭.৫৯  | ১২৪%                                                       | ১৩.৪১                                 |
| ৫          | বরিশাল      | ৫০.০০                   | ২০.৮৩                    | ৬.০৭              | ২৯%                                                        | ৪.৫৮                                  | ৮.৮০                    | ৩.৬৭                     | ০.৭২   | ২০%                                                        | ০.৬০                                  |
| ৬          | সিলেট       | ৮০.০০                   | ৩৩.৩৩                    | ২০.১৪             | ৬০%                                                        | ৯.০১                                  | ২৬.৯০                   | ১১.২১                    | ১.০০   | ৯%                                                         | ১.৯২                                  |
| ৭          | কুমিল্লা    | ২২০.০০                  | ৯১.৬৬                    | ৪৯.৯৭             | ৫৫%                                                        | ৩৩.৮৭                                 | ৫৪.৮৩                   | ২২.৮৫                    | ৩২.০৭  | ১৪০%                                                       | ১৯.২৭                                 |
| ৮          | কুষ্টিয়া   | ১৪০.০০                  | ৫৮.৩৩                    | ৩৫.০১             | ৬০%                                                        | ১৪.৪৮                                 | ২৩.১০                   | ৯.৬২                     | ২১.৫৬  | ২২৪%                                                       | ১০.৯৯                                 |
| ৯          | ফরিদপুর     | ১০৫.০০                  | ৪৩.৭৫                    | ২৮.২৬             | ৬৫%                                                        | ১২.৫৯                                 | ১৯.৬০                   | ৮.১৭                     | ৭.৮৭   | ৯৬%                                                        | ৪.৭৩                                  |
| ১০         | এলাপিও      | ৫০.০০                   | ২০.৮৩                    | ৩.৫২              | ১৭%                                                        | ০                                     | ০.১২                    | ০.০৫                     | ১২.১১  | ২৪২২০%                                                     | ০                                     |
|            | মোটঃ        | ১৪০০.০০                 | ৫৮৩.৩০                   | ২৮৭.৩৯            | ৪৯%                                                        | ১৬০.৯৬                                | ৩২০.০০                  | ১৩৩.৩৩                   | ১৬১.৪৮ | ১২১%                                                       | ১০৬.২৫                                |

০৪। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় :

(ক) ঋণ বিতরণ : কোন বিভাগই বার্ষিক এসএমই ঋণ বিতরণের আনুপাতিক (পাঁচ মাসে) লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে সক্ষম  
হয়নি। স্থানীয় মুখ্য কার্যালয়, বরিশাল, ময়মনসিংহ, খুলনা, চট্টগ্রাম, এবং ঢাকা বিভাগ আনুপাতিক (পাঁচ মাসে)  
লক্ষ্যমাত্রার ৫০% অর্জন করতে সক্ষম হয়নি যা খুবই হতাশাব্যঞ্জক। এছাড়াও কুমিল্লা, সিলেট, ফরিদপুর ও কুষ্টিয়া  
বিভাগসমূহ আনুপাতিক লক্ষ্যমাত্রার ৬৫% এর উপরে ঋণ বিতরণ করতে পারেনি যা মোটেও সন্তোষজনক নয়।

(খ) ঋণ আদায় : ঢাকা, ময়মনসিংহ, খুলনা, কুমিল্লা, কুষ্টিয়া ও এলাপিও আনুপাতিক (পাঁচ মাসে) লক্ষ্যমাত্রার ১০০% এর বেশী অর্জন  
করতে সক্ষম হয়েছে। এজন্য সংশ্লিষ্ট বিভাগ সমূহের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে অভিনন্দন। বরিশাল ও সিলেট  
বিভাগের ঋণ আদায় পরিস্থিতি হতাশাব্যঞ্জক। এছাড়া ফরিদপুর, বরিশাল, চট্টগ্রাম বিভাগ বার্ষিক এসএমই ঋণ  
আদায়ের আনুপাতিক (পাঁচ মাসে) লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনে ব্যর্থ হয়েছে। শাখাসমূহ যাতে শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য  
ঋণ আদায়ে অধিকতর তৎপর হয় এ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৫। এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীবৃত্ত ঋণ হ্রাসকরনে এসএমই বিভাগ কর্তৃক সময়ে সময়ে একাধিক পত্র জারী এবং সংশ্লিষ্ট মাঠ কার্যালয়সমূহকে টেলিফোনে তাগিদ প্রদান করা হলেও ঋণ বিতরণ পরিস্থিতি কাজিত মাত্রায় উন্নীত হচ্ছে না। একারণে মাঠ কার্যালয় সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ সদ্ব্যবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। এছাড়া বিভিন্ন অঞ্চল হতে সংগৃহীত শাখাভিত্তিক এসএমই ঋণ বিতরণ পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায় বেশ কিছু শাখা এ খাতে কোন ঋণ বিতরণ করতে পারেনি, যা অত্যন্ত হতাশাব্যঞ্জক। এ বিষয়ে বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক মাসিক ভিত্তিতে মনিটরিং করতে হবে এবং এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে হবে।

০৬। এমতাবস্থায়, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ পূর্বক আগামী ৩১.১২.২০১৭ তারিখের মধ্যে এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীবৃত্ত ঋণ হ্রাসকরণের বার্ষিক লক্ষ্যমাত্রার ৫০% অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণসহ বিভাগওয়ায়ী এসএমই ঋণের পারফরমেন্স মাসিক ভিত্তিতে এসএমই বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৭/১৭/২০১৭

(ঠাকুর দাস কুন্ডু)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

তারিখঃ এ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৭-১৮/২৬২ (১২৫০)

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)।
০৯. নথি/ মহানথি।

(মির্জা আরিফুজ্জামান)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)